দৈনিক ইত্তেফাক

তারিখ 22.JUL 1992 পৃষ্ঠা 7 কলাম 7

76

সন্ত্রাস দমনে মিলিত প্রয়াস চাই: ভার্সিটি কর্তৃপক্ষ

# ক্যাম্পাস পরিস্থিতি ভয়াবহ রূপ নিতে পারে

ইত্তেফাক রিপোর্ট।। গতকাল (মঙ্গলবার) ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এক জরুরী সভায় ক্যাম্পাসের সাম্প্রতিক পরিস্থিতিতে উদ্বেগ প্রকাশ করিয়া বলিয়াছে, "ক্যাম্পাসের বর্তমান অবস্থা অত্যন্ত দুঃসহ এবং যে কোন সময় ভয়াবহ ও মারাত্মক রূপ নিতে পারে। গুলী বিনিময়ের ঘটনা নিত্য নৈমিত্তিক ব্যাপার পরিণত হইয়াছে। অথচ পুলিশের অনুসন্ধানে কোন কাজ হইতেছে না। সার্বিক পরিস্থিতি ইহাই প্রমাণ করে যে, সরকার, রাজনৈতিক দলসমূহ, বিশ্ববিদ্যালয় প্রশাসন, শিক্ষকমণ্ডলী ও ছাত্র সংগঠনসমূহের সম্মিলিত প্রচেষ্টা ছাড়া সন্ত্রাস দমন সম্ভব নয়। সভায় ছাত্র-শিক্ষক সম্পর্কের অবনতির কারণ সম্পর্কে আলোচনা করা হয় এবং উভয়পক্ষের মধ্যে সম্পর্ক নিবিড় করার ব্যাপারে কতিপয় সিদ্ধান্ত গৃহীত হয়। ভিসি প্রফেসর মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় সিনেট ও সিন্ডিকেটের শিক্ষক সদস্যবৃন্দ, বিভিন্ন অনুষদের ডীন, হলসমূহের প্রভোস্ট, বিভাগীয় চেয়ারম্যানসহ বিভিন্ন কর্মকর্তা উপস্থিত ছিলেন।